দৈনিক বাংলা

তারিখ 13 NOV 1990
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 2

13



মুহম্মদ শরীফুল ইসলাম

# ভাল ফলের জন্য পরিশ্রম দরকার ঃ শরীফুল

।। নিজস্ব সংবাদদাতা ।।

কুমিল্লা, ১২ই নবেম্বর।– মুহম্মদ শরীফুল ইসলাম কুমিল্লা শিক্ষা বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বিজ্ঞান ও কৃষি বিজ্ঞান বিভাগে দ্বিতীয় স্থান অধিকার করেছেন।

তিনি ৪টি বিষয়ে লেটারসহ মোট ৯০২ নম্বর পেয়েছেন। শরীফ কুমিল্লা

(শেষ পৃঃ ৭–এর কঃ দ্রঃ)

7

## শরীফুল

(প্রথম পৃঃ পর)

ভিক্টোরিয়া সরকারী কলেজের ছাত্র। শরীফুল কম্পিউটার প্রকৌশলী হবেন। ফলাফলে তিনি অত্যন্ত খুশী। প্রতিদিন ১০/১২ ঘন্টা লেখাপড়া করেছেন ভালো রেজাল্ট করার জন্য; কারণ মাধ্যমিক পরীক্ষায় শরীফ দ্বাদশ স্থান লাভ করেছিলেন। ভালো ফলের জন্য তাঁকে বেশ পরিশ্রম করতে হয়েছে বলেও তিনি জানান।

শরীফ জানান, নিয়মিত লেখাপড়া ও একাগ্রতা থাকলে ভালো করা যায়। ছাত্র রাজনীতি সম্পর্কে শরীফ বলেন, ছাত্ররা রাজনীতিতে ব্যবহৃত হচ্ছে, কিন্তু প্রকৃত অর্থে তাদের অধিকার প্রতিষ্ঠিত হচ্ছে না।

শরীফের পিতা সরকারী মহিলা কলেজের রসায়ন বিভাগের অধ্যাপক সিরাজুল ইসলাম। শরীফ জানান, নকল প্রতিরোধ ও লেখাপড়ার সার্বিক উন্ন–য়নে সেমিষ্টার পদ্ধতি চালু করা উচিত। অবসরে বই পড়া ও গান শুনতে তিনি ভালোবাসেন।